উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

উপজেলা - উল্লাপাড়া, জেলা - সিরাজগঞ্জ

পরিকল্পনা প্রণয়নে

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ

সমন্বয়েঃ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

জুলাই ২০১৪

সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

উপজেলা পরিষদ কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

মুখবন্ধ

সমগ্র বিশ্বে বাংলাদেশ একটি দুর্যোগ প্রবণ দেশ হিসেবে পরিচিত। ভৌগলিক অবস্থান, জলবায়ু ও আবহাওয়ার তারতম্যের কারণে স্থানভেদে এদেশে প্রতি বছর বন্যা(নদীবাহিত/বৃষ্টিপাত জনিত), নদীভাঙ্গন, ঘূর্ণিঝড় খরা, ভূমিকম্পন, ঘন কুয়াশার মত বিভিন্ন ধরণের আপদ আঘাত হানে। বাংলাদেশ একটি নদীমাতৃত দেশ হওয়ায় প্রায় প্রতিবছর এলাকা ভিত্তিক নদী ভাঙ্গনের শিকার বহ লোক ভিটে মাটি ছাড়া হয়ে নি:স্ব হয়ে পড়ে এবং নদী-খাল ভরাট জনিত কারণে এলাকা ভিত্তিক অধিবাসীদের সংশ্লিষ্ট নানা ধরণের আপদের সম্মুখীন হতে হয় । এ সমস্ত আপদের প্রভাবে সহায় সম্পদ সহ জান-মাল, প্রানীসম্পদ ও ফসলের ব্যাপক ক্ষতি সাধিত হয় । এর ফলে শুধু আক্রান্ত জনগোষ্টিই ক্ষতিগ্রস্থ হয় না জাতীয় সম্পদ এবং অর্থনীতিতে ও ব্যাপকভাবে এর প্রভাব পরিলক্ষিত হয়।

দুর্যোগ প্রবণ দেশ হলেও পূর্বে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার মাধ্যমে মানুষের সহায় সম্পদসহ জান-মাল, প্রানীসম্পদ ও ফসলের ক্ষয়ক্ষতি কমানোর সুদূর প্রসারী কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। সুষ্ঠু পরিকল্পনা ব্যতিরেকে শুধুমাত্র ত্রাণ ও পুনর্বাসনকেই বেশি প্রাধান্য দেয়া হয়েছে।

সম্প্রতি বাংলাদেশ সরকার UNDP সহ বিভিন্ন দাতা গোষ্ঠির আর্থিক সহায়তায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরীর মাধ্যমে এক যুগান্তরকারী কর্মসূচী হাতে নিয়েছে। এই কর্মসূচীর আওতায় প্রাথমিকভাবে সমাজের বিভিন্ন স্তরের জনসাধারণ ও উপজেলা ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সমন্বয়ে স্থানীয় ঝুঁকি চিহ্নিত করে তা পর্যালোচনার মাধ্যমে কর্ম-পরিকল্পনা প্রনয়নের উদ্যোগ নেয়া হয়েছে। ঝুঁকি নিরসন কর্ম-পরিকল্পনায় স্থানীয় আপদসমূহ চিহ্নিত করে ঝুঁকি নিরসনের জন্য প্রতিটি উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রনয়ন করা হয়েছে।

আমি সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভাপতি হিসেবে এলাকাবাসীর পক্ষ থেকে ঝুঁকি হ্রাস কর্ম-পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। আশাকরি এই পরিকল্পনা বাস্তবায়নের মধ্যেদিয়ে অত্র উপজেলার জনগোষ্ঠী টেকসই উন্নয়ন সুচিত করতে সক্ষম হবে।

২৭/১/১৮

সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

এ্যাড মারুফ-বিন-হাবিব
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

সূচীপত্র

বিষয়বস্তু	পৃষ্ঠা নং
প্রথম অধ্যায়ঃ স্থানীয় এলাকা পরিচিতি	
১.১ পটভূমি	**০৬**
১. ২পরিকল্পনার মূল উদ্দেশ্য	**০৬**
১.৩.১ জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান	**০৬**
১.৩ স্থানীয় এলাকা পরিচিতি	**০৬**
১.৩. ২আয়তন	**০৭**
১.৩.৩ জনসংখ্যা	**০৭**
১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত ভাবে বর্ণনা থাকতে হবে	**০৮**
১.৪.১ অবকাঠামো	**০৮**
১.৪.২সামাজিক সম্পদ	**১০**
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু	**১৭**
১.৪.৪অন্যান্য	
দ্বিতীয় অধ্যায়ঃ দুর্যোগ,আপদ এবং বিপদাপন্নতা	
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস	**২৩**
২.২ জেলা/উপজেলার আপদ সমূহ	**২৩**
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্র বর্ণনা	**২৪**
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা	**২৫**
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা	**২৬**
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমূহ	**৩০**
২.৭ সামাজিক মানচিত্র	**৩৩**
২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র	**৩৪**
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি	**৩৫**
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি	**৩৫**
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	**৩৬**
২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ণনা	**৩৬**
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব	**৩৭**
তৃতীয় অধ্যায়ঃ দুর্যোগঝুঁকি হ্রাস	
৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ	**৪০**
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ	**৪৪**
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা	**৪৭**
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা	**৪৮**
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি	**৪৮**
৩.৪.২ দুর্যোগ কালীন	**৪৯**
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী	**৫০**
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে	**৫১**
চতুর্থ অধ্যায়ঃ জরুরী সাড়া প্রদান	
৪.১ .১ জরুরী অপারেশন সেন্টার (EOC)	**৬১**
৪.১.২ জরুরী কন্ট্রোল রুমপরিচালনা	**৬১**
৪.২ আপদ কালীন পরিকল্পনা	**৬২**
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা	**৬৩**
৪.২.২ সতর্কবার্তা প্রচার	**৬৩**
৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি	**৬৩**
৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসাপ্রদান	**৬৩**
৪.২.৫ আশ্রয় কেদ্র রক্ষনাবেক্ষণ	**৬৪**

সূচীপত্র

বিষয়বস্তু	পৃষ্ঠা নং
৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা	৬৪
৪.২.৭ দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণঃ	৬৪
৪.২.৮ ত্রান কার্যক্রম সমন্বয় করা	৬৪
৪.২.৯ শুকনা খাবার,জীবন রক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা রক্ষাকারী	৬৪
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা	৬৪
৪.২.১১ মহড়ার আয়োজন করা	৬৫
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC)পরিচালনা	৬৫
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থান সমূহ	৬৫
৪.৩ উপজেলার নিরাপদ স্থান সমূহের তালিকা ও বর্ণনা	৬৫
৪.৪আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন	৭৫
৪.৫ উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে)	৮০
৪.৬অর্থায়ন	৮৩
৪.৭কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ	৮৭
পঞ্চমঅধ্যায়ঃ উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা ৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন-- ৫.২ দ্রুত /আগাম পুনরুদ্ধার-- ৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা-- ৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার-- ৫.২.৩ জনসেবা পুনরারম্ভ-- ৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা--	 ৮৮ ৯০ ৯০ ৯০ ৯০ ৯০
সংযুক্তিঃ ১ ইউনিয়ন ভিত্তিক গ্রাম ও মৌজার তালিকা	৯১
সংযুক্তিঃ ২ ইউনিয়ন ভিত্তিক ব্রীজের তালিকা (নাম,অবস্থা ও অবস্থান)	১০১
সংযুক্তিঃ ৩ ইউনিয়ন ভিত্তিক কালভার্টের তালিকা (ইউনিয়ন,অবস্থা ও অবস্থান)	১১৬
সংযুক্তিঃ ৪ ইউনিয়ন ভিত্তিক রাস্তার তালিকা (নাম,অবস্থা ও অবস্থান)	১৩৫
সংযুক্তিঃ ৫ ইউনিয়ন ভিত্তিক সেচ ব্যবস্থা গভীর ও অগভীর নলকূপের তালিকা	১৬৭
সংযুক্তিঃ ৬ ইউনিয়ন ভিত্তিক হাটের তালিকা (নাম,অবস্থা ও অবস্থান এবং সংক্ষিপ্ত বর্ণনা)	১৭০
সংযুক্তিঃ ৭ ইউনিয়ন ভিত্তিক বাজারের তালিকা (নাম,অবস্থা ও অবস্থান এবং সংক্ষিপ্ত বর্ণনা)	১৭৪
সংযুক্তিঃ ৮ ইউনিয়ন ভিত্তিক বিদ্যালয়ের তালিকা (নাম,অবস্থা ও অবস্থান)	১৭৯
সংযুক্তিঃ **৯** ইউনিয়ন ভিত্তিক মসজিদ ও মন্দিরে তালিকা (নাম,অবস্থা ও অবস্থান)	১৯৪
সংযুক্তিঃ ১০ ইউনিয়ন ভিত্তিক ঈদগাঁহের তালিকা (নাম,অবস্থা ও অবস্থান)	২১৮
সংযুক্তিঃ ১১ ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্রের তালিকা (নাম,অবস্থা ও অবস্থান)	২২৮
সংযুক্তিঃ ১২ ইউনিয়ন ভিত্তিক ক্লাব / সাংস্কৃতি কেন্দ্রের তালিকা (নাম,অবস্থা ও অবস্থান)	২৩৬
সংযুক্তিঃ ১৩ ইউনিয়ন ভিত্তিক খেলার মাঠের তালিকা (নাম,অবস্থা ও অবস্থান)	২৩৯
সংযুক্তিঃ ১৪ ইউনিয়ন ভিত্তিক কবরস্থান ও শ্মশান ঘাটের তালিকা (নাম,অবস্থা ও অবস্থান)	২৪৩
সংযুক্তিঃ ১৫ আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট	২৫০
সংযুক্তিঃ ১৬ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি	২৫১
সংযুক্তিঃ ১৭ ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি	২৫২
সংযুক্তিঃ ১৮ উপজেলার সেচ্ছাসেবকদের তালিকা	২৬০
সংযুক্তিঃ ১৯ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা	২৬৩
সংযুক্তিঃ ২০ ইঞ্জিন চালিত নৌকা	২৬৯
সংযুক্তিঃ ২১ স্থানীয় ব্যবসায়ী	২৭২
সংযুক্তিঃ ২২ বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠান সূচী	২৭৮

এক নজরে উল্লাপাড়া উপজেলা

আয়তন	৪১৪.৬১ বর্গ কি.মি.
ইউনিয়ন/ পৌরসভা	১৪+১টি
মৌজা	২৬৩টি
গ্রাম	৪৩৯টি
পরিবার	১,১০,৩৪৩ টি
মোট জনসংখ্যা	৬,৩৫,৪১১ জন ৫৬১৩৭২জন (বিবিএস)
পুরুষ	৩,২৯,৪৩৪ জন
মহিলা	৩,০৫,৯৭৭ জন
শিক্ষা প্রতিষ্ঠান	
সরকারী প্রাথমিক বিদ্যালয়	২৭৮টি
মাধ্যমিক বিদ্যালয়	৭১টি
কলেজ	১৯টি
মাদ্রাসা(দাখিল,ফাজিল,এবতেদায়ী)	৫৭টি
পাঠাগার	৪১টি
কিন্টার গার্ডেন স্কুল	৩৮টি
শিক্ষার হার	৪৩.৬%(বিবিএস)
কমিউনিটি ক্লিনিক /এনজিও ক্লিঃ	৬৫+১টি
হাসপাতাল /ইউঃ স্বাস্থ্য কেন্দ্র/ বেসকারী প্রতিষ্ঠান	২+১১+৪টি
স্লুইচ গেট	১০টি
ব্রীজ	৪৪৯টি
কালভার্ট	৫৭৪টি
মসজিদ	৯১৩টি
মন্দির	১২৭টি
স্কুল কাম শেল্টার	১২২টি
ইঞ্জিন চালিত নৌকার সংখ্যা	২৩১টি
খাদ্য গুদাম	১০টি
হেফজখানা	৬৮টি
বাঁধ	৬টি

ঈদগাঁহ্	২৬৭টি
ব্যাংক (শাখাসহ)	২৭টি
পোস্ট অফিস (শাখাসহ)	৪৩টি
ক্লাব	১২২টি
হাট বাজার	(৪৭+৭৬)=১২৩টি
কবরস্থান	২৭৪টি
শ্মশান ঘাট	৪৩টি
মুরগির খামার	২৫৪টি
মোট তাঁতের সংখ্যা	১৪,৮৪৪টি
গভীর নলকূপ (সেচ কাজে ব্যবহৃত)	২৬৩টি
অগভীর নলকূপ	১২,৭৫৫টি
হস্ত চালিত নলকূপ (সেচকাজের)	নাই
নদী	৮টি
খাল	১টি
বিল	৫টি
পুকুর	২০১১টি
কাঁচা রাস্তা	৮৪০কি.মি.
পাকা রাস্তা	৩৩০কি.মি.
আধাপাকা রাস্তা	১৯২ কি.মি.
মোবাইল টাওয়ার	২৩টি
শিশু পাক	১টি
খেলার মাঠ	১৫১টি
রেল ইষ্টিশন	৩টি
মাজার	২২টি
সমবায় সমিতি	
সাধারন ৪০৯,বিআরডিবি ৩৫৪	৭৬৩টি

প্রথম অধ্যায়

স্থানীয় এলাকা পরিচিত

১.১পটভূমিঃ

দুর্যোগের স্থায়ী আদেশাবলীতে ঝুঁকিহ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তর্ভূক্ত করে জেলা,উপজেলা,পৌরসভার ও সিটি কপোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা প্রণয়নের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবই গুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা,ও কার্যকারীতা,নিবিড় এবং ফলাফলধর্মী কর্মপদ্ধতি,সংশ্লিষ্ট সংগঠন,প্রতিষ্ঠানের ও জনগোষ্ঠীর অংশগ্রহনের উপর নির্ভরশীল। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি ৩-৫ বছরের জন্য প্রণয়ন করা হবে। বাংলাদেশ বিশ্বের মানচিত্রে অন্যতম একটি দুর্যোগ প্রবণ দেশ। এদেশের প্রতিটি জেলাই কম বেশি দুর্যোগে আক্রান্ত হয় । এ জেলাগুলোর মধ্যে সিরাজগঞ্জ জেলাটি অন্যতম। সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলা একটি অত্যন্ত দুর্যোগ ও ঝুঁকি প্রবণ এলাকা। বন্যা,নদীভাঙ্গান,কালবৈশাখী ঝড়,শৈত্যপ্রবাহ,খরা,অতিবৃষ্টি ইত্যাদি উল্লাপাড়া উপজেলার প্রধান দুর্যোগ । উপজেলার প্রতিটি ইউনিয়নে বন্যা,কালবৈশাখী ঝড়,শৈত্যপ্রবাহ,খরা,অতিবৃষ্টি প্রতিবছর হয় এবং জনসাধারণের জীবন ও জীবিকার উপর বিরূপ প্রভাব ফেলে। প্রতি বছর বিভিন্ন দুর্যোগে পতিত হলেও জেলা/উপজেলা পর্যায়ে কোন কর্মপরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলার জন্য প্রণয়ন করা হয়েছে।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্যঃ

- পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগের ঝুঁকি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাস করণে পরিবার,সমাজ,ইউনিয়ন প্রশাসন,উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তব সম্মত উপায় উদ্ভাবন করা ।
- স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যবহারের মাধ্যমে ঝুঁকি হ্রাস করণ ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন।
- অপসারন,উদ্ধার,চাহিদা নিরুপণ ত্রাণ ও তাৎক্ষনিক পুনর্বাসণ ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- একটি নির্দিষ্ট এলাকা এবং নির্দিষ্ট সময়ের জন্য কৌশলগত দলিল তৈরি করা ।
- দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারী,আন্তর্জাতিক ও জাতীয় এনজিও,দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারিত্বের পরিকল্পনা প্রণয়ণে ও বাস্তাবায়নে নির্দেশনা প্রদান করে।
- সংশ্লিষ্ট কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ,কার্যকর অংশীদারত্ব ও মালিকানাবোধ জাগ্রত করা ।

- ১.৩.১. জেলা/উপজেলার ভৌগলিক অবস্থানঃ

১.৩ স্থানীয় এলাকা পরিচিতিঃ

উল্লাপাড়া উপজেলা সিরাজগঞ্জ জেলা সদরের দক্ষিণে প্রায় ৩৫ কি.মি. দূরে অবস্থিত। অত্র উপজেলার আয়তন ৪১৪.৬১ বর্গ কিলোমিটার (১০২৪০.০০ একর) এবং মোট ১৫টি ইউনিয়ন রয়েছে। এ উপজেলাটির সর্বমোট ৪৩৯ টি গ্রাম ও ২৬৩টি মৌজা নিয়ে গঠিত উল্লাপাড়া সদর, রামকৃষ্ণপুর, বাঙ্গালা, উধুনিয়া, বড়পাঙ্গাসী, মোহনপুর, দূর্গানগর, পূর্ণিমাগাঁতি, সলঙ্গা, হাটিকুমরুল, বড়হর, উল্লাপাড়া পৌরসভা, পঞ্চক্রোশী, সলপ, কয়ড়া, ১৪ টি ইউনিয়ন + ১টি পৌরসভা সহ মোট ১৫টি ইউনিয়ন নিয়ে উল্লাপাড়া উপজেলায় বিদ্যমান । কৃষি বিভাগের তথ্য মতে এখানকার বেশীরভাগ বেলে ও দোআঁশ মাটি। করতোয়া ও ফুরজোড় নদীর নিকটবর্তী হওয়ায় কারনে প্রতিবছরই উল্লাপাড়া উপজেলা বন্যায় ও নদীভাঙ্গানে মানুষ গৃহহীন হয়ে পড়ে। ইউক্যালিপ্টাস, মেহগনি, আকাশমনি, কড়ই, ইত্যাদি এলাকার প্রধান প্রধান গাছপালা। স্থূলপথ হিসাবে সর্বমোট ১৩৬২ কি.মি. রাস্তা আছে। যার মধ্যে কাঁচা রাস্তা ৮৪০ কি.মি.আধাপাকা রাস্তা ১৯২ কি.মি.পাকা রাস্তা ৩৩০ কি.মি.। ফুলজোর নদী, ও করতোয়া নদী অত্র উপজেলার পাশ দিয়ে প্রবাহিত হয়েছে। বন্যার পানি প্রবেশে বাঁধা প্রদান করার লক্ষ্যে প্রায় ৬টি বাঁধ আছে এবং এই বাঁধ গুলির মোট দৈর্ঘ্য ৯৫৪ কি.মি.।

ছক-১: উপজেলা থেকে ইউনিয়নের দূরত্ব

ইউনিয়নের নাম	উপজেলা থেকে দূরত্ব	ইউনিয়নের নাম	উপজেলা থেকে দূরত্ব
রামকৃষ্ণপুর	২৮ কি.মি.	বড়হর	৩কি.মি.
বাঙ্গালা	১২ কি.মি.	উল্লাপাড়া	০.৫০ কি.মি.
উধুনিয়া	২৫ কি.মি.	পঞ্চক্রোশী	৬ কি.মি.
বড় পাঙ্গাশী	২২ কি.মি.	সলপ	৭ কি.মি.
মোহনপুর	১৫ কি.মি.	কয়ড়া	৪ কি.মি.
দূর্গানগর	৫ কি.মি.	উল্লাপাড়া পৌরসভা	০০ কি.মি.
পূর্ণিমাগাঁতি	৪ কি.মি.		
সলংগা	২০ কি.মি.		
হাটিকুমরূল	১২ কি.মি.		

উপজেলার আয়তনঃ ৪১৪.৬১ বর্গকিলোমিটার (১০২৪০.০০ একর), জেলা হতে উপজেলার দূরত্বঃ ৩৫ কিলোমিটার (প্রায়), বিভাগ হতে উপজেলার দূরত্বঃ ১৩৫ কিলোমিটার (প্রায়)

উপজেলা ও ইউনিয়নের অবস্থানঃ

ছক-২: উপজেলা থেকে দিক ভিত্তিক ইউনিয়নের নাম

উপজেলা থেকে দিক ভিত্তিক ইউনিয়নের নাম			
পূর্ব	**উত্তর**	**পশ্চিম**	**দক্ষিণ**
পঞ্চক্রোশী	হাটিকুমরূল	উল্লাপাড়া সদর	দূর্গানগর
সলপ	বড়হর	পূর্ণিমাগাঁতি	পৌরসভা
		বাঙ্গালা	
		মোহনপুর	
		পাঙ্গাসী	
		উধুনিয়া	
		কয়ড়া	
		রামকৃষ্ণপুর	
		সলঙ্গা	

১.৩.২ আয়তনঃ

সিরাজগঞ্জ জেলার মোট আয়তন ২৪৯৭.৯২ **বর্গ** কি.মি. এর মধ্যে উল্লাপাড়া উপজেলার আয়তন ৪১৪.৬১ বর্গ কিলোমিটার (১০২৪০.০০ একর)। অত্র উপজেলায় ১৫=(১+১৪) টি পৌরসভাসহ ইউনিয়নের মোট ৪৩৯ গ্রাম ও ২৬৩টি মৌজা আছে । উল্লাপাড়া সদর ইউনিয়নে ১৪টি গ্রাম, উল্লাপাড়া পৌরসভা ২২টি গ্রাম, বড়হর ইউনিয়নে ২৬টি গ্রাম, সলঙ্গা ইউনিয়নে ২৯টি গ্রাম, সলপ ইউনিয়নে ৩৭টি গ্রাম, বাঙ্গালা ইউনিয়নে ৩৪ টি গ্রাম, হাটিকুমরুল ইউনিয়নে ৪০ টি গ্রাম, রামকৃষ্ণপুর ইউনিয়নে ৩২টি গ্রাম, পঞ্চক্রোশী ইউনিয়নে ২৫টি গ্রাম, পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ৩১টি গ্রাম, দূর্গানগর ইউনিয়নে ৫১টি গ্রাম, মোহনপুর ইউনিয়নে ৩১টি গ্রাম, বড়পাঙ্গাসী ইউনিয়নের ২২টি গ্রাম, উধুনিয়া ইউনিয়নের ২৬টি গ্রাম, এবং কয়ড়া ইউনিয়নে ১৯টি গ্রাম রয়েছে।

সংযুক্তিঃ ১ এ ইউনিয়ন ভিত্তিক গ্রাম ও মৌজার নাম প্রদান করা হলোঃ

তথ্য সুত্রঃ ইউনিয়ন পরিষদ।

১.৩.৩ জনসংখ্যাঃ

উল্লাপাড়া উপজেলা মোট জনসংখ্যা ৬৩,৫৪,১১ (ছয় লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশত এগার (জন। যার মধ্যে পুরুষ – ৩,২৯৪,৩৪ জন, মহিলা-৩,০৫৯,৭৭ জন, শিশু- ১৯৫৯,০৯ জন, বৃদ্ধ- ৪২২,৮০ জন এবং প্রতিবন্ধি- ৬৪,৮৭ জন। এই উপজেলায় পরিবার সংখ্যা ১,১০৩,৪৩ (এক লক্ষ দশ হাজার তিনশত তেঁতাল্লিশ) এবং মোট ভোটার সংখ্যা প্রায় ৩,৪৭০,৪০ জন । নিম্নে ছকের মাধ্যমে ইউনিয়ন ভিত্তিক বিভিন্ন স্তরের জনসংখ্যা দেখানো হলোঃ

ছক-৩: ইউনিয়ন ভিত্তিক জনসংখ্যার সার্বিক তথ্য

ইউনিয়নের নাম	পুরুষ	মহিলা	শিশু (০-১৫)	বৃদ্ধ (৬০+)	প্রতিবন্ধি	মোট জনসংখ্যা	পরিবার/খানা	ভোটার
বাঙ্গালা	১৮, ৫৯২	১৫, ৮৮৯	১০, ৫৫১	১, ৭৫৩	৪৪৮	৩৪, ৪৮১	৭, ৩০৯	২১, ১২৩
রামকৃষ্ণপুর	১৬, ৯৪৭	১৬, ৬২৯	১০, ৫৯০	২,৪১৫	৪৩৬	৩৩, ৫৭৬	৭, ৩৬২	১৯, ১২৪
উধুনিয়া	১৬, ৫১৭	১৫, ৫৪৩	১০,৩৫১	২,৩৪৫	৪১৬	৩২,০৬০	৫, ৬৭৭	১৯, ১৫৬
বড় পাঙ্গাশী	১৭,৪৭০	১৭,০৫০	১০,২০৬	২,৪২৮	৪১৪	৩৪, ৫২০	৫, ৮৫০	১৯, ৯৪২
দূর্গানগর	৩৫, ১০৩	৩২,০১২	২১, ৬৪৪	৪,২৪৫	৬৪৪	৬৭, ১১৫	১০, ৪৭০	৩৫,০৯৫
পূর্ণিমাগাঁতি	২৭, ৩৩২	২৪, ২৩৯	১৬,৯৯২	৩, ৭৩৮	৫০৫	৫১, ৫৭১	১০, ৩২০	২১, ১৬২
সলঙ্গা	২৩,৪০২	২১,৪০১	১৩, ৫১৪	৩, ১৪২	৪৪৮	৪৪, ৮০৩	৮, ৫০০	২৫, ২৫০
হাটিকুমরূল	২৪, ৩৪০	২৩, ৮৪৬	১৬,৪১৮	৩,৯০৯	৫৭৮	৪৮, ১৮৬	১১,০৪৬	৩০, ৯৬৬
বড়হর	২২, ৮৪৫	২২, ৮২৫	১৩,৩৯৬	৩,২০৯	৪২০	৪৫, ৬৭০	৭, ৫০০	২৫, ৫৭০
উল্লাপাড়া	১৪, ৩৭২	১৩,০৩৫	৮,৩৬৮	১, ৭৯৪	৩৫৬	২৭, ৪০৭	৪, ৯০৫	১৪, ৯৭৩
পঞ্চক্রোশী	২৭, ৭২৫	২৫,২১০	১৬, ১৮৮	৩,৩৬৭	২০৪	৫২,৯৩৬	৫, ১০০	২৭, ৩২৩
সলপ	২০,৯৫৭	১৮, ৫৮৬	১১, ৫৭৭	২,৪২৭	৩৭৪	৩৯, ৫৪৩	৬, ১৬৭	২০, ৭৯৭
কয়ড়া	১১, ৫০০	৮,৯১৬	৬,৯৮২	১,৪৬৯	২২৪	২০,৪১৬	৪৬৫৮	১২০৯৮
উল্লাপাড়া পৌরসভা	২৮,৪০০	২৮, ১৫০	১৫৪০৪	৩১৪৭	৫০৮	৫৬, ৫৫০	৮৪৪৩	২৮৫২৬

ইউনিয়নের নাম	পুরুষ	মহিলা	শিশু (০-১৫)	বৃদ্ধ (৬০+)	প্রতিবন্ধি	মোট জনসংখ্যা	পরিবার/খানা	ভোটার
মোহনপুর	২৩, ৯৩২	২২, ৬৪৫	১৩,৭২৮	২,৮৯২	৫১২	৪৬৫৭৭	৭০৩৬	২৫৯৩৫
সবমোট=	৩,২৯,৪৩৪	৩,০৫,৯৭৭	১,৯৫,৯০৯	৪২,২৮০	৬,৪৮৭	৬,৩৫,৪১১	১,১০,৩৪৩	৩, ৪৭,০৪০

তথ্য সূত্রঃ মোঃ মাসুদ রানা , উপজেলা নির্বাচন অফিস ,সকল ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্র ও বিবিএস ।

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোরসংক্ষিপ্ত বর্ণনাঃ

১.৪.১ অবকাঠামোঃ

- **বাঁধ**

উল্লাপাড়া উপজেলায় বন্যার পানি প্রবেশ প্রতিরোধ করার জন্য নদী ও খালের তীরবর্তী অঞ্চলে ছোট বড় সব মিলে মোট ৬ টি বাঁধ রয়েছে। উক্ত বাঁধগুলোর সর্বমোট দৈর্ঘ্য ৯০০ফিট ৫৪ কি.মি.। নিম্নে বাঁধের সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলোঃ

ছক-৪ : ইউনিয়ন ভিত্তিক বাঁধের অবস্থান

ইউনিয়নের নাম	কোন ওয়ার্ডে অবস্থিত	কত কি.মি.	কোথা হতে কোথা পর্যন্ত	উচ্চতা	বর্তমান অবস্থা সংক্ষেপে বর্ণনা করুন
বাঙ্গালা	কাটার মহল বাঙ্গালা বাঁধ ; ০৯ নং ওয়ার্ড	৯০০ ফিট	বাও নদীর পূর্ব পার হতে পশ্চিম পাড় পর্যন্ত	১২ ফুট	মোটামুটি ভাল
পূর্ণিমাগাঁতি	পুঠিয়া ০৫,০৬,০৭নং হয়ে ০৫ নং ওয়ার্ড পর্যন্ত	১৪কি.মি.	পুঠিয়া হতে ঘিয়ালী গোয়ালজানি, ভেংড়ী হয়ে ফলিয়া পর্যন্ত	৬ ফুট	বর্তমান বাঁধটি ভেঙ্গে গেছে অনেক জায়গায় মেরামত করতে হবে।
	পারকুল ০২ নং ওয়ার্ডে	১২কি.মি.	পারকুল হতে মধুপুর হয়ে কালাসিংবাড়ি দিয়ে হাট একান্নপুর পর্যন্ত	৬ ফুট	মোটামুটি ভাল
বড়হর	পূর্বদেলুয়া ০১, অলিপুর ০৪ ও ভূতগাছা ০৯ নং ওয়ার্ডের আংশিক	৩.৫০ কি.মি.	বাঁশেহাট থেকে পূর্বদেলুয়া হয়ে অলিপুর ব্রীজ পর্যন্ত	৫ ফুট	আংশিক ভাল ও আংশিক ভাঙ্গাচুড়া বাঁধ
	খাঁশচড় ০৬,০৫,০৭,০৮ও ০ওয়ার্ড নং: ৯, আংশিক	১১ কি.মি.	খাঁশচড়, তিয়রহাটি থেকে দূর্গাপুর হয়ে ডৈফলবাড়ী বড়হর খেয়াঘাট ও ভূতগাছা হতে মৈত্র বড়হর হয়ে বড়হর খামার পাড়া ও দক্ষিণ পাড়া হয়ে ভুতগাছা হাইওয়ে রোড পর্যন্ত	৩-৪ ফুট	মাঝে মাঝে ভাঙ্গা মাঝে মাঝে ভাল তবে সংস্কারযোগ্য
দূর্গানগর	কয়ড়া বাঘলপুর ০৫নংও দূর্গানগর এর ০১,০৪,০২ ও ০ওয়ার্ড নং: ৫, র আংশিক	১৩.৫০ কি.মি.	কয়ড়া বাঘলপুর হতে মানতলা শ্যামপুর, মানুষমুরা, রাইংটিয়া, রাজমান হয়ে বুদ্রগাঁতী রেলগেট পর্যন্ত বাঁধটির নতুন কার্যক্রম অব্যহত আছে। আগামী কিছু দিনের মধ্যে শেষ হবে।	৭ফুট	নির্মান কাজ চলমান

তথ্য সুত্রঃ মোঃ মসিউর রহমান মামুন (সার্ভেয়ার),০১৭১৬-৬০৬৩৬৪ ,এলজিডি উল্লাপাড়া ও এফজিডি ।

- **স্লুইচ গেটঃ**

উল্লাপাড়া উপজেলায় মোট ১০টি স্লুইচ গেট আছে। নিম্নে ইউনিয়ন ভিত্তিক স্লুইচ গেট সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলোঃ

ছক-৫: স্লুইচ গেট কোথায়, কোন নদী/খালের সংযোগস্থলে অবস্থিত এবং বর্তমান অবস্থা

ইউনিয়নের নাম	কোথায় অবস্থিত	কোন নদী/খালের সংযোগ স্থলে অবস্থিত	বর্তমান অবস্থা সংক্ষেপে বর্ণনা করুন
পূর্ণিমাগাঁতি	ওয়ার্ড নং ৪, ঘিয়ালা	কাশিয়াদহ খালের উপর বেড়ী বাঁধের কাছে	ভাল
	ওয়ার্ড নং ৪, ফলিয়া	ফলিয়া খালের মাঝে অবস্থিত	ভাল
	ওয়ার্ড নং৪, ফলিয়া	ঘোরামারা খালের পাশে	ভাল
	ওয়ার্ড নং ১, গোপালপুর	গোপালপুর পাকা ব্রীজের পাশে বেড়ী বাঁধের মাঝে খালের উপর	ভাল
	ওয়ার্ড নং ২,গয়হাট্টা ফরিদপুর	গয়হাট্টা হাটের পাশে খালের উপর	ভাল
বড়হর	ওয়ার্ড নং ২,ভূতগাছা	ভূতগাছা গ্রামের উত্তর পাশে হাজরা বিলের মোহনায়	ভাল
	ওয়ার্ড নং ১, পূর্বদেলুয়া ব্রীজের দক্ষিণে	পূর্বদেলুয়া ব্রীজের দক্ষিণে নদীর মাঝে অবস্থিত	ভাল না। কারণ দুইপাশের মাটি নাই।
দূর্গানগর	ওয়ার্ড নং ৫, কয়ড়া বাঘলপুর	কয়ড়া বাঘলপুর হতে মানতলা শ্যামপুর, পর্যন্ত	ভাল
	ওয়ার্ড নং ২-৪, মানুষমুরা	মানুষমুরা ও রাইংটিয়ার বাঁধের মাঝে	ভাল
	ওয়ার্ড নং ২,বুদ্রগাঁতী	বুদ্রগাঁতী ও রাজমান বাঁধের মাঝে	ভাল

তথ্য সুত্রঃ মোঃ মসিউর রহমান মামুন (সার্ভেয়ার),০১৭১৬-৬০৬৩৬৪ ,এলজিডি উল্লাপাড়া ও এফজিডি ।

- **ব্রীজঃ**

উল্লাপাড়া উপজেলায় মোট ৪৪৯ টি ছোট-বড় ব্রীজ আছে । ৪৪৯ টি ব্রীজের মধ্যে উল্লাপাড়া সদর ইউনিয়নে ২৭টি, উল্লাপাড়া পৌরসভা ৭টি, বড়হর ইউনিয়নে ২৩টি, সলঙ্গা ইউনিয়নে ৪২টি, সলপ ইউনিয়নে ২৯টি, বাঙ্গালা ইউনিয়নে ৬৩ টি, হাটিকুমরুল ইউনিয়নে ৫৯ টি, রামকৃষ্ণপুর ইউনিয়নে ২৫টি, পঞ্চক্রোশী ইউনিয়নে ২৪টি, কয়ড়া ইউনিয়নে ১৩টি, পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ২২টি, দূর্গানগর ইউনিয়নে ২৯টি, মোহনপুর ইউনিয়নে ১৮টি, বড়পাঙ্গাসী ইউনিয়নের ৫৪টি এবং উধুনিয়া ইউনিয়নের ১৪টি ব্রীজ রয়েছে। এই ব্রীজ গুলো লোহা, ইস্পাত ও কংক্রিট দ্বারা তৈরি। সরেজমিনে খোঁজ নিয়ে দেখা গেছে কিছু ব্রীজের দুই মাথায় মাটি ভরাট করামেরামত সহ কিছু কিছু কাজের প্রয়োজন রয়েছে। রেলিং ,

উল্লাপাড়া উপজেলার ইউনিয়ন ভিত্তিক ব্রীজের নাম, কোথায় অবস্থিত কোন নদী বা খালের উপর অবস্থিত এবং তার বর্তমান অবস্থা সংযুক্তিঃ ২ এ ছকের মাধ্যমে সংক্ষেপে বর্ণনা করা হলোঃ

তথ্য সুত্রঃ মশিউর রহমান, সার্ভেয়ার এলজিইডি, উল্লাপাড়া ০১৭১৬-৬০৬৩৬৪ ,এফ জিডির মাধ্যমে ও সরেজমিনে পরিদর্শন।

- **কালভার্টঃ**

উল্লাপাড়া উপজেলায় মোট ৫৭৩ টি কালভার্ট আছে। ৫৭৩টি কালভার্টের মধ্যে উল্লাপাড়া সদর ইউনিয়নে ৩৪টি, উল্লাপাড়া পৌরসভা ৩২টি, বড়হর ইউনিয়নে ৪০টি, সলঙ্গা ইউনিয়নে ২৩টি, সলপ ইউনিয়নে ৬০টি, বাঙ্গালা ইউনিয়নে ৫৮ টি, হাটিকুমরুল ইউনিয়নে ৬১ টি, রামকৃষ্ণপুর ইউনিয়নে ৫১টি, পঞ্চক্রোশী ইউনিয়নে ২৮টি, কয়ড়া ইউনিয়নে ১৮টি, পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ৫০টি, দূর্গানগর ইউনিয়নে ৪৮টি, মোহনপুর ইউনিয়নে ৮টি, বড়পাঙ্গাসী ইউনিয়নের ২৪টি এবং উধুনিয়া ইউনিয়নের ৩৮টি কালভার্ট রয়েছে। এই কালভার্ট গুলো রাস্তার নীচে খালের পানি প্রবাহে সহায়তা করে। ৫৫১টি কালভার্টের মধ্যে কিছু কালভার্ট একেবারে অকেজো হয়ে পড়ে আছে আবার কিছু কালভার্ট ভাঙ্গা এবং দু'পাশ থেকে মাটি সরে গিয়ে চলাচলের অসুবিধা হচ্ছে।

সংযুক্তিঃ ৩ এ ইউনিয়ন ভিত্তিক কালভার্ট এর নাম ও বর্তমান অবস্থা কি ,কোথায় অবস্থিত ,তার পরিসংখ্যান টেবিলের মাধ্যমে প্রদান করা হলোঃ

তথ্য সুত্রঃ আব্দুল মজিদ /০১৭২৮-৬৮৮৪৭০, মোঃ নুরুল ইসলাম / ০১৭২২-৪৯২৩৯৭, ওয়ার্ডের মেম্বার ও সরজমিন পরিদর্শন।

- **রাস্তাঃ**

উল্লাপাড়া উপজেলায় ছোট-বড়, কাঁচা-পাকা মিলে সর্বমোট ৬৬৭ টি রাস্তা আছে। যার দৈর্ঘ্য প্রায় ১৩৬২ কি.মি.। এর মধ্যে পাকা রাস্তার সংখ্যা ১০৫ টি এবং এর দৈর্ঘ্য ৩৩০ কি.মি.আধাপাকা সংখ্যা ৩৪ টি এবং এর দৈর্ঘ্য ১৯২ কিঃ মিঃ, কাঁচা রাস্তার সংখ্যা ৫২৮ টি এবং এর দৈর্ঘ্য ৮৪০ কিঃ মিঃ। ছোট -বড় এবং পাকা ও কাঁচা রাস্তার গুলির মধ্যে উল্লাপাড়া সদর ইউনিয়নে ১০টি, উল্লাপাড়া পৌরসভার ভিতরে ৩২টি, বড়হর ইউনিয়নে ১৩টি, সলঙ্গা ইউনিয়নে ৫৬টি, সলপ ইউনিয়নে ৭৫টি, বাঙ্গালা ইউনিয়নে ২২ টি, হাটিকুমরুল ইউনিয়নে ৬৮ টি, রামকৃষ্ণপুর ইউনিয়নে ১৮২টি, পঞ্চক্রোশী ইউনিয়নে ৭৮টি, কয়ড়া ইউনিয়নে ১৮টি, পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ২১টি, দূর্গানগর ইউনিয়নে ২৯টি, মোহনপুর ইউনিয়নে ২০টি, বড়পাঙ্গাসী ইউনিয়নের ২৯টি এবং উধুনিয়া ইউনিয়নের ১৩টি রাস্তা রয়েছে। এই রাস্তা গুলোর গড় উচ্চতা ৩ থেকে ৫ ফুট এবং প্রস্থ যথাক্রমে ১২ থেকে ৩৬ ফুটের মধ্যে। বন্যার সময় কাঁচা, পাকা ও আধা পাকা মিলে প্রায় ৭০% রাস্তা পানিতে ডুবে যায়।

সংযুক্তিঃ ৪ এ ইউনিয়ন ভিত্তিক রাস্তার নাম ,রাস্তার সংখ্যা ,কোথায় অবস্থিত রাস্তার বর্তমান অবস্থা সংক্ষেপে বর্ণনা করা হলোঃ

তথ্য সুত্রঃ ইউনিয়ন পরিষদ, উপজেলা সার্ভেয়ার এলজিইডি, মশিউর রহমান মামুন, (০১৭১৮-৬০৬৩৬৪) ও এফ জিডির মাধ্যমে ,সরেজমিনে পরিদর্শন ।

- **সেচ ব্যবস্থাঃ**

উল্লাপাড়া উপজেলায় কৃষি ক্ষেত্রে সেচ কার্যক্রম পরিচালনার জন্য গভীর নলকূপ ও অগভীর নলকূপ গুলো কৃষি সেচ কার্য সাধনে ব্যবহৃত হয় । উল্লেখ্য যে গভীর নলকুপ গুলো কৃষি সেচ কার্য সাধনে ব্যবহৃত হয়। উল্লাপাড়া উপজেলায় মোট গভীর নলকুপের সংখ্যা ২৬৩ টি এবং শ্যালো ম্যাশিনের সংখ্যা ৮,৯৭০ টি ও বিদ্যু চালিত ৩, ৭৮৫টি। এই গভীর নলকুপের গড় গভীরতা ৩৫০-৪০০ ফুট। তবে এই উপজেলায় কোন হস্তচালিত নলকুপ নাই।

সংযুক্তিঃ ৫ এ ইউনিয়ন ভিত্তিক ভিত্তিক সেচ ব্যবস্থার গভীর ও অগভীর নলকুপের তালিকা দেওয়া হলো।

তথ্য সুত্রঃ উপজেলা কৃষি অফিসার মোঃ সাইফুল আজম খান ০১৭১৬-১৭১৯৫৭ ও বিএডিসি অফিস

- **হাট**

উল্লাপাড়া উপজেলায় মোট হাটের সংখ্যা ৪৭ টি । ৪৭টি হাটের মধ্যে উল্লাপাড়া পৌরসভার ভিতরে ০২টি, বড়হর ইউনিয়নে ০৫টি, সলঙ্গা ইউনিয়নে ০২টি, সলপ ইউনিয়নে ০৩টি, বাঙ্গালা ইউনিয়নে ০৬ টি, হাটিকুমরুল ইউনিয়নে ০৩ টি, রামকৃষ্ণপুর ইউনিয়নে ০৭টি, পঞ্চক্রোশী ইউনিয়নে ০৬টি, কয়ড়া ইউনিয়নে ০১টি, পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ০২টি, দূর্গানগর ইউনিয়নে ০২টি, মোহনপুর ইউনিয়নে ০৫টি, বড়পাঙ্গাসী ইউনিয়নের ০২টি এবং উধুনিয়া ইউনিয়নের ০১টি হাট রয়েছে।

সংযুক্তিঃ ৬-এ ইউনিয়ন ভিত্তিক হাটের নাম, কবে হাট বসে ,হাটের সংখ্যার ,হাটের সংক্ষিপ্ত বর্ণনা তুলে ধরা হলো ।

তথ্য সুত্রঃ মোঃ আব্দুস কুদ্দুস, বাজার বনিক সমিতির সভাপতি ,উল্লাপাড়া ।(৫৭৯৪৭৯-০১৭৫১)সরেজমিনে পরিদর্শন ।

- **বাজার**

উল্লাপাড়া উপজেলায় মোট বাজারের সংখ্যা ৭৬ টি । বাজার গুলো সাধারনত প্রতিদিনই বসে। সব বাজার মিলে মোট দোকান সংখ্যা আনুমানিক প্রায় ৮০৩৪ টি এবং বাজারে সমিতির সংখ্যা ২৯টি। ৭৬টি বাজারের মধ্যে উল্লাপাড়া সদর ইউনিয়নে ০৩টি, উল্লাপাড়া পৌরসভার ভিতরে ০৩টি, বড়হর ইউনিয়নে ০৭টি, সলঙ্গা ইউনিয়নে ০৪টি, সলপ ইউনিয়নে ০৫টি, বাঙ্গালা ইউনিয়নে ০৬ টি, হাটিকুমরুল ইউনিয়নে ০৬ টি, রামকৃষ্ণপুর ইউনিয়নে ০৮টি, পঞ্চক্রোশী ইউনিয়নে ০৮টি, কয়ড়া ইউনিয়নে ০২টি, পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ০৫টি, দূর্গানগর ইউনিয়নে ০৪টি, মোহনপুর ইউনিয়নে ০৬টি, বড়পাঙ্গাসী ইউনিয়নের ০৪টি এবং উধুনিয়া ইউনিয়নের ০৫টি বাজার রয়েছে।

সংযুক্তিঃ ৭-এ ইউনিয়ন ভিত্তিক বাজারের সংখ্যা কোথায় অবস্থিত এবং বাজারের সংক্ষিপ্ত বর্ণনা তুলে ধরা ,বাজারের নাম , হলো:

তথ্য সুত্রঃ মোঃ আব্দুস কুদ্দুস, বাজার বনিক সমিতির সভাপতি, উল্লাপাড়া (০১৭৫১-৫৭৯৪৭৯)।

১.৪.২ সামাজিক সম্পদঃ

- **ঘরবাড়ি**

উল্লাপাড়া উপজেলায় মোট ঘরবাড়ির সংখ্যা ১,২৩, ৬৩০টি। এর ভিতরে পাকা ঘরবাড়ির সংখ্যা ৩৯৫৯টি, আধাপাকা ঘরবাড়ীর সংখ্যা ১৪,৯৫৯টি এবং কাঁচা ঘরবাড়ির সংখ্যা ১,০৪,২২০টি । অন্যান্য উপাদান দিয়ে তৈরি ঘরের সংখ্যা ৪৯৮টি । উপজেলার কাঁচা ঘরগুলো টিন ,বাশঁ ও খড় দিয়ে তৈরি। এ উপজেলায় প্রায় ৭০% কাঁচা ঘরবাড়ি বন্যা লেভেলের নিচে এবং বেশির ভাগ ঘরগুলো কালবৈশাখী সহনশীল নয়।

ছক-৬: উপজেলার ঘরবাড়ীর সংখ্যা এবং বন্যার সময় তার অবস্থান

ক্রঃ নং	উপজেলার নাম	মোট ঘরের সংখ্যা	কাঁচা ঘরের সংখ্যা	পাকা ও আধাপাকা ঘরের সংখ্যাখ্যা	অন্যান্য উপদান দিয়ে তৈরি ঘরের সংখ্যা	কতগুলি ঘরবাড়ী বন্যা লেভেলের উপরে
১	উল্লাপাড়া	১,২৩, ৬৩০	১,০৪,২২০	৩,৯৫৬+১৪,৯৫৯	৪৯৮	প্রায় ৩০%
মোট=		১,২৩, ৬৩০	১,০৪,২২০	৩,৯৫৬+১৪,৯৫৯	৪৯৮	প্রায় ৩০%

তথ্য সুত্রঃ বিবিএস,২০১১ (হাউজিং সেনসাস)। (এফজিডি)

- **খাবার পানি**

উল্লাপাড়া উপজেলায় খাবার পানির প্রধান উৎস হলো নলকুপ । এই উপজেলায় ১০০% লোক নলকুপের পানি ব্যবহার করে। উপজেলায় মোট নলকুপের সংখ্যা ৫৮৭০ টি । যদিও সরকার ও কিছু দাতা সংস্থা এই গভীর নলকুপ গুলো স্থাপন করেছে।

ছক-৭: খাবার পানির উৎস, নলকুপের সংখ্যা এবং পরিবার ভিত্তিক পানি ব্যবহারের হার

ইউনিয়নের নাম	খাবার পানির উৎস্য কি কি	নলকুপের সংখ্যা	নষ্ট নলকুপের সংখ্যা	কত শতাংশ পরিবার নলকুপের পানি ব্যবহার করে
রামকৃষ্ণপুর	নলকুপ	৩৫৭	২৪	১০০%
বাঙ্গালা	নলকুপ	৩৮৮	১৩	১০০%
উধুনিয়া	নলকুপ	৪৪৪	৩৯	১০০%
বড়পাঙ্গাসী	নলকুপ	৩৭৩	২২	১০০%
মোহনপুর	নলকুপ	৪৭০	২২	১০০%
দূর্গানগর	নলকুপ	৪৪১	১৭	১০০%
পূর্নিমাগাতী	নলকুপ	৫১৪	২০	১০০%
সলংগা	নলকুপ	৩৯৫	২২	১০০%
হাটিকুমরুল	নলকুপ	৪৩৫	১৯	১০০%
বড়হর	নলকুপ	৪২২	২৪	১০০%

SSউল্লাপাড়া সদর	নলকুপ	২৪০	১২	১০০%
পঞ্চক্রোশী	নলকুপ	৪২০	২০	১০০%
সলপ	নলকুপ	৩৬২	১৮	১০০%
কয়ড়া	নলকুপ	৩৪০	১০	১০০%
উল্লাপাড়া পৌরসভা	নলকুপ	২৬৯	০৮	১০০%
মোট		৫৮৭০	২৯০	১০০%

তথ্য সূত্রঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর, আহসান হাবিব/০১৭১৬-১৫৪৫৩৬, উল্লাপাড়া

- **পয়ঃনিস্কাশন ব্যবস্থাঃ**

উল্লাপাড়া উপজেলায় ৯৮% মানুষ স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহার করে। উপজেলায় মোট স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন সংখ্যা **৭৮,৯১৬** টি । যদিও সরকার কিছু দাতা সংস্থা এই স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন গুলো স্থাপন করেছে। আবার এই স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন গুলোর মধ্যে মাত্র ৫৫, ৮৯৬টি বন্যা লেভেলের উপরে । উল্লেখ্য যে, উপজেলায় বন্যার সময় ব্যবহারের উপযোগী থাকে ৪৭,০০৮টি ।

ছক-৮: স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন সংখ্যা এবং কত % অধিবাসী স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহার করে

ইউনিয়নের নাম	পয়ঃনিষ্কাশন			
	স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন সংখ্যা	বন্যা লেভেলের উপরে কতটি	বন্যার সময় ব্যবহার করা যায় কয়টি	কত % অধিবাসী স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন ব্যবহার করে
রামকৃষ্ণপুর	৫, ৬২৩	৩,৩৭৩	৩,০৩২	১০০%
বাঙ্গালা	৫,৯০৪	৩,২৪৭	৩,০৪৭	১০০%
উধুনিয়া	৫, ১৮৩	২,৫৯১	২,০৯০	১০০%
বড়পাঙ্গাসী	৫, ৬৬৭	৩, ১১৬	২,৯৯৯	১০০%
মোহনপুর	৫, ৭৮৪	৩,৪৭০	৩, ১০০	৯৭.৭৯%
দূর্গানগর	৭, ৫৩৪	৪, ৮৯৭	৩, ৬০০	৯৯.০৮%
পূনিমাগাঁতী	৮,৩৬৬	৫, ৬০৫	৫,৩০০	৯৭.৬৬%
সলংগা	৫, ৫৬১	৪,৪৪৮	৩,৪৬০	৯৪.৫১%
হাটিকুমরুল	৭, ৬৯০	৫,৯২১	৪, ৭৯০	৯৮.০২%
বড়হর	৬,২৫৫	৪, ৮১৬	৪, ১২০	৯৯.০৭%
উল্লাপাড়া সদর	৩,৯৭৯	৩,২৬২	২,৯৮০	৯৮.২৪%
পঞ্চক্রোশী	৭, ৮০২	৫,২২৭	৪, ৮৮০	৯৮.২৪%
সলপ	৪,৪২৯	২,৯২৩	২,৬১০	৯৮.৪৮%
কয়ড়া	৪, ৭০০	৩,০০০	৩,০০০	৭৫%
মোট	৭৮,৯১৬	৫৫, ৮৯৬	৪৭,০০৮	৯৮.৫২%

তথ্য সূত্রঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর, আহসান হাবিব/০১৭১৬-১৫৪৫৩৬, উল্লাপাড়া ।

❖ শিক্ষা প্রতিষ্ঠানঃ

উল্লাপাড়া উপজেলায় মোট ২৭৮টি প্রাথমিক বিদ্যালয়, ৭১টি মাধ্যমিক বিদ্যালয়, ১৯ টি কলেজ, ৫৭টি মাদ্রাসা এবং ৪১টি পাঠাগার রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলির মধ্যে ৯১টি প্রাথমিক বিদ্যালয়, ১০টি মাধ্যমিক বিদ্যালয়, ১২টি কলেজ, এবং ৩টি মাদ্রাসা বন্যা আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহার করা হয়।

সংযুক্তিঃ ৮ এ প্রতিটা শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ অনুযায়ী নাম, শিক্ষার্থী সংখ্যা, শিক্ষক সংখ্যা, কোথায় অবস্থিত এবং সেটা বন্যা আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহার করা হয় কি না তা টেবিলের মাধ্যমে বিস্তারিত তুলে ধরা হলো।

তথ্য সুত্রঃ প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, দেলোয়ারা পারভীন, অফিস সহকারী, উল্লাপাড়া, (০১৭১৪-৩৯৬৩০৪), বিভিন্ন মাদ্রাসা সুপার ও সরজমিনে পরিদর্শন।

❖ ধর্মীয় প্রতিষ্ঠানঃ

- **মসজিদ**

উল্লাপাড়া উপজেলায় মোট মসজিদের সংখ্যা প্রায় ৯১১ টি । ৯১১ টি মসজিদের মধ্যে উল্লাপাড়া সদর ইউনিয়নে ৩৭টি, উল্লাপাড়া পৌরসভার ভিতরে ৫৪টি, বড়হর ইউনিয়নে ৬৬টি, সলঙ্গা ইউনিয়নে ৮০টি, সলপ ইউনিয়নে ৫৭টি, বাঙ্গালা ইউনিয়নে ৫৮ টি, হাটিকুমরুল ইউনিয়নে ৮৩ টি, রামকৃষ্ণপুর ইউনিয়নে ৬৫টি, পঞ্চক্রোশী ইউনিয়নে ৭৬টি, কয়ড়া ইউনিয়নে ৩৭টি, পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ৭৩টি, দূর্গানগর ইউনিয়নে ৭০টি, মোহনপুর ইউনিয়নে ৬৫টি, বড়পাঙ্গাসী ইউনিয়নের ৪৬টি এবং উধুনিয়া ইউনিয়নের 88টি মসজিদ রয়েছে। মসজিদ গুলির মধ্যে কিছু কিছু মসজিদে অজুখানা নেই যার কারনে মুসল্লিদের অজু করতে সমস্যা হয়। কিছু মসজিদের ল্যাট্রিন নেই আবার ল্যাট্রিন থাকলেও নষ্ট হয়ে গেছে। কিছু মসজিদের মুল ঘর ও বারান্দার চাল সংস্কারমেরামত/ করার খুব প্রয়োজন কারণ যে সকল মসজিদের চালের অবস্থা খারাপ সেসব জায়গায় রোদ ও বৃষ্টিতে মুসল্লিরা নামাজ পড়তে পারে না।

তথ্য সুত্রঃ ইউনিয়ন পরিষদ, ইমাম, এলাকার জন সাধারন ও সরজমিনে পরিদর্শন।

মন্দিরঃ

উল্লাপাড়া উপজেলায় মন্দিরের সংখ্যা ১২৭টি এবং গীর্জা একটিও নাই। ১২৭টি মন্দিরের মধ্যে উল্লাপাড়া সদর ইউনিয়নে ৯টি, উল্লাপাড়া পৌরসভার ভিতরে ২৯টি, বড়হর ইউনিয়নে ১৭টি, সলঙ্গা ইউনিয়নে ৫টি, সলপ ইউনিয়নে ৭টি, বাঙ্গালা ইউনিয়নে ৩ টি, হাটিকুমরুল ইউনিয়নে ১৫ টি, রামকৃষ্ণপুর ইউনিয়নে ১টি, পঞ্চক্রোশী ইউনিয়নে ৮টি, কয়ড়া ইউনিয়নে ১টি, পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ৪টি, দূর্গানগর ইউনিয়নে ১০টি, মোহনপুর ইউনিয়নে ৩টি, বড়পাঙ্গাসী ইউনিয়নের ৬টি এবং উধুনিয়া ইউনিয়নের ৯টি মন্দির রয়েছে।

তথ্য সুত্রঃ ইউনিয়ন পরিষদ, পুরহিত, এলাকার জন সাধারন ও সরজমিনে পরিদর্শন।

সংযুক্তিঃ৯ এ ইউনিয়ন ভিত্তিক মসজিদ ও মন্দিরের নামসহ মসজিদ ও মন্দিরটি কোথায় অবস্থিত এবং বর্তমান অবস্থা সংক্ষেপে বর্ণনা করা হলো।

- **ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ্):**

উল্লাপাড়া উপজেলায় সরকারী ও বেসরকারী মিলে সর্বমোট ঈদগাঁহ্ সংখ্যা ২৬৭ টি । এই ২৬৭টি ঈদগাঁহের মধ্যে উল্লাপাড়া পৌরসভায় ১৪টি, উল্লাপাড়া সদর ইউনিয়নে ১০টি, বড়হর ইউনিয়নে ২২টি, সলঙ্গা ইউনিয়নে ১৭টি, সলপ ইউনিয়নে ১৬টি, বাঙ্গালা ইউনিয়নে ১৯ টি, হাটিকুমরুল ইউনিয়নে ৩৪ টি, রামকৃষ্ণপুর ইউনিয়নে ১৭টি, পঞ্চক্রোশী ইউনিয়নে ২২টি, কয়ড়া ইউনিয়নে ১৪টি, পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ১৬টি, দূর্গানগর ইউনিয়নে ১৭টি, মোহনপুর ইউনিয়নে ১০টি, বড়পাঙ্গাসী ইউনিয়নের ২০টি এবং উধুনিয়া ইউনিয়নের ২০টি ঈদগাঁহ্ মাঠ রয়েছে । বেশ কয়েকটি ঈদগাঁহ্ মাঠ রয়েছে যার চারপাশে ভেঙ্গে গেছে ও বন্যার সময় পানির নিচে ডুবে যায় এলাকা বাসির মতে এই ঈদগাঁহ্ মাঠ গুলো মাটি ফেলে উঁচু/সংস্কার করা খুবই প্রয়োজন।

সংযুক্তিঃ১০ এ ইউনিয়ন ভিত্তিক ঈদগাঁহের নাম, কোথায় অবস্থিত এবং বর্তমান অবস্থা সংক্ষেপে বর্ণনা করা হলো।

তথ্য সুত্রঃ ইউনিয়ন পরিষদ, ইমাম, এলাকার জনসাধারন ও সরজমিনে পরিদর্শন।

- **স্বাস্থ্য সেবাঃ**

উল্লাপাড়া উপজেলায় স্বাস্থ্যসেবা পরিচালনার জন্য ২টি সরকারী হাসপাতাল ১৫টি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক ৬৫টি, এনজিও ক্লিনিক ১টি এবং ৪টি বেসরকারী হাসপাতাল রয়েছে । এই উপজেলায় মোট ডাক্তার সংখ্যা ১১১ জন এবং নার্স ও ষ্টাফ মিলে ৪০ জন জনবল রয়েছে।

সংযুক্তিঃ ১১ এ উল্লাপাড়া উপজেলার ইউনিয়ন ভিত্তিক সকল স্বাস্থ্য কেন্দ্রের নাম, কোথায় অবস্থিত, ডাক্তার নার্স সংখ্যা, সেবার মান এবং স্বাস্থ্য সেবা কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তির নাম উল্লেখ করা হলো।

তথ্য সুত্রঃ ডাঃসুকুমার চন্দ্র সুর রায় উপজেলা প.প.কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, উল্লাপাড়া ০১৭১১-৩০১৭৫৯, ইউনিয়ন পরিষদ ও এলাকার জনসাধারণ।

- **ব্যাংকঃ**

উল্লাপাড়া উপজেলায় মোট ব্যাংকের সংখ্যাঃ ১২টি; শাখা সহ- ২৫ টি ব্যাংক আছে। ব্যাংকগুলো হলো কৃষি, সোনালী, জনতা, ব্র্যাক ব্যাংক, ডাচ বাংলা ব্যাংক, অগ্রণী ব্যাংক, রূপালী ব্যাংক, উত্তরা ব্যাংক, কর্মসংস্থান, স্ট্যান্ডাড ব্যাংক, গ্রামীণ ব্যাংক, ইসলামী ব্যাংক। এ ব্যাংক গুলো গ্রাহকের টাকা লেনদেন, ডিপোজিট স্কিম, কৃষি ঋণদান, এসএমই লোন ইত্যাদি সেবাপ্রদান করে থাকে।

ছক-৯: ব্যাংকের নাম, কোথায় অবস্থিত এবং সেবার মান

ক্রঃ নং	ব্যাংকের নাম	কোথায় অবস্থিত	সেবার মান
১.	সোনালী ব্যাংক	উল্লাপাড়া	ভাল
২.	সোনালী ব্যাংক	হাটিকুমরূল	ভাল
৩.	সোনালী ব্যাংক	লাহিড়ী মোহনপুর	ভাল
৪.	কৃষি ব্যাংক	উল্লাপাড়া	ভাল
৫.	জনতা ব্যাংক	উল্লাপাড়া	ভাল
৬.	জনতা ব্যাংক	ধরাইল হাট	ভাল
৭.	জনতা ব্যাংক	সলঙ্গা	ভাল
৮.	জনতা ব্যাংক	হাটিকুমরুল	ভাল
৯.	অগ্রণী ব্যাংক	উল্লাপাড়া	ভাল
১০.	অগ্রণী ব্যাংক	ঘুরকা (সলঙ্গা)	ভাল
১১.	রূপালী ব্যাংক	বোয়ালিয়া	ভাল
১২.	ইসলামী ব্যাংক	উল্লাপাড়া	ভাল
১৩.	ব্র্যাক ব্যাংক	উল্লাপাড়া	ভাল
১৪.	ব্র্যাক ব্যাংক	মোহনপুর বাজার	ভাল
১৫.	উত্তরা ব্যাংক	উল্লাপাড়া	ভাল
১৬.	ডাচ বাংলা ব্যাংক	উল্লাপাড়া	ভাল

ক্রঃ নং	ব্যাংকের নাম	কোথায় অবস্থিত	সেবার মান
১৭.	কর্মসংস্থান	উল্লাপাড়া	ভাল
১৮.	স্ট্যান্ডাড ব্যাংক	সিরাজগঞ্জ	ভাল
১৯.	গ্রামীণ ব্যাংক	উল্লাপাড়া	ভাল
২০.	গ্রামীণ ব্যাংক	উল্লাপাড়া	মোটামুটি ভাল
২১.	গ্রামীণ ব্যাংক	বোয়ালিয়া	মোটামুটি ভাল
২২.	গ্রামীণ ব্যাংক	পূর্ণিমাগাঁতি	মোটামুটি ভাল
২৩.	গ্রামীণ ব্যাংক	উধুনিয়া	মোটামুটি ভাল
২৪.	গ্রামীণ ব্যাংক	লাহিড়ী মোহনপুর	মোটামুটি ভাল
২৫.	গ্রামীণ ব্যাংক	দূর্গানগর	মোটামুটি ভাল

তথ্য সূত্রঃ সংশ্লিষ্ট অফিস ও সরজমিনে পরিদর্শন ।

- **পোস্ট অফিসঃ**

উল্লাপাড়া উপজেলায় মোট ৪৩টি পোষ্ট অফিস রয়েছে। এ পোষ্ট অফিসগুলো গ্রাহকের পোষ্টাল ক্যাশ কার্ড সার্ভিস, মোবাইল মানি অর্ডার সার্ভিস, জিইপি সার্ভিস, সেভিংস ব্যাংক ও চিঠি আদান-প্রদান ইত্যাদি সেবা প্রদান করে থাকে।

ছক-১০: পোষ্ট অফিসের নাম, কোথায় অবস্থিত, সেবার মান

ক্রঃ নং	পোষ্ট অফিসের নাম	কোথায় অবস্থিত	সেবার মান
১.	উল্লাপাড়া	থানার পশ্চিমে	ভাল
২.	আমডাংগা	আমডাংগা	ভাল
৩.	খানসোনাতলা	সোনাতলা	ভাল
৪.	চৌবিলা	চৌবিলা	ভাল
৫.	তেতুলিয়া	তেতুলিয়া	ভাল
৬.	পূনিমাগাতী	পূনিমাগাতী বাজার	ভাল
৭.	বন্যাকান্দি	বন্যাকান্দি বাজার	ভাল
৮.	বড়হর	বড়হর	ভাল
৯.	বালশাবাড়ী	বালশাবাড়ী	ভাল
১০.	বোয়ালিয়া বাজার	বোয়ালিয়া বাজার	ভাল
১১.	সারাতৈল হাইস্কুল	সারাতৈল	ভাল
১২.	লাহিড়ী মোহনপুর	লাহিড়ী মোহনপুর	ভাল
১৩.	উধুনিয়া বাজার	উধুনিয়া বাজার	ভাল
১৪.	এলংজানী	এলংজানী	ভাল
১৫.	কয়ড়া হাইস্কুল	কয়ড়া হাইস্কুল	ভাল
১৬.	কালিয়াকৈড়	কালিয়াকৈড় বাজার	ভাল
১৭.	কুচিয়ামারা	কুচিয়ামারা বাজার	ভাল
১৮.	খাদুলী	খাদুলী	ভাল
১৯.	খোদ্দগাজাই	খোদ্দগাজাই	ভাল
২০.	গয়হাট্টা	গয়হাট্টা বাজার	ভাল
২১.	চিনাধুকুরিয়া	চিনাধুকুরিয়া	ভাল
২২.	জন্তিহার	জন্তিহার	ভাল
২৩.	দবিরগঞ্জ	দবিরগঞ্জ	ভাল
২৪.	দিলপশার	দিলপশার ষ্টেশান	ভাল
২৫.	ধরাইল হাট	ধরাইল বাজার	ভাল
২৬.	বড়পাঙ্গাসী	বড়পাঙ্গাসী	ভাল
২৭.	বংকিরট হাট	বংকিরট বাজার	ভাল
২৮.	বাগমারা	বাগমারা বাজার	ভাল
২৯.	বিনায়েকপুর	বিনায়েকপুর হাট	ভাল
৩০.	মাটিয়া মালিপাড়া	মাটিয়া মালিপাড়া	ভাল
৩১.	মোরদহ	মোরদহ	ভাল
৩২.	রাজমান	রাজমান বাজার	ভাল
৩৩.	শরিফাবাদ	শরিফাবাদ নওগাঁ	ভাল
৩৪.	হাওড়া	হাওড়া	ভাল
৩৫.	সলঙ্গা	সলঙ্গা	ভাল
৩৬.	অলিদহ	অলিদহ	ভাল
৩৭.	আমসারা	আমসারা	ভাল
৩৮.	চরবেড়া	চরবেড়া	ভাল
৩৯.	ধুবিলা	ধুবিলা	ভাল
৪০.	নাইমুরি কিষাণ	নাইমুরি কিষাণ	ভাল
৪১.	রোহদহ	রোহদহ	ভাল

ক্রঃ নং	পোষ্ট অফিসের নাম	কোথায় অবস্থিত	সেবার মান
৪২.	শলি বাজার	শলি বাজার	ভাল
৪৩.	সোনাকড়া	সোনাকড়া	ভাল

তথ্য সুত্রঃ উপজেলা পোস্ট অফিস।

• ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্রঃ

উল্লাপাড়া উপজেলায় ছোট বড় মিলে প্রায় সর্বমোট ১২২ টি ক্লাব/সাংস্কৃতি কেন্দ্র রয়েছে। ১২২ টি ক্লাবের মধ্যে উল্লাপাড়া পৌরসভায় ১০টি, উল্লাপাড়া সদর ইউনিয়নে ০৭টি, বড়হর ইউনিয়নে ০৬টি, সলঙ্গা ইউনিয়নে ০৭টি, সলপ ইউনিয়নে ০৯টি, বাঙ্গালা ইউনিয়নে ০৫ টি, হাটিকুমরুল ইউনিয়নে ১০ টি, রামকৃষ্ণপুর ইউনিয়নে ০৮টি, পঞ্চক্রোশী ইউনিয়নে ০৯টি, কয়ড়া ইউনিয়নে ০৩টি, পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ১৮টি, দূর্গানগর ইউনিয়নে ২১টি, মোহনপুর ইউনিয়নে ০৪টি, বড়পাঙ্গাসী ইউনিয়নের ০২টি এবং উধুনিয়া ইউনিয়নের ০৩টি ক্লাবসাংস্কৃতি রয়েছে।/ এগুলো সাধারনত খেলাধুলা ও বিভিন্ন ধরনের বিনোদন মূলক কার্যক্রম পরিচালিত করে থাকে ।আবার কিছু কিছু ক্লাব সমাজ সেবা ও উন্নয়নমুলক কাজে সহায়তা করে এবং দুর্যোগের সময় স্বেচ্ছাসেবক হিসাবে কাজ করে।

সংযুক্তিঃ ,এ ইউনিয়ন ভিত্তিক ক্লাব কেন্দ্রর নাম ১২ কোথায় অবস্থিত এবং উন্নয়নমূলক কাজে সহায়তা করে কি না তা তুলে ধরা হলোঃ

তথ্য সুত্রঃ উপজেলা সমবায়, সমাজ সেবা অফিস ও দলীয় আলোচনা ।

• এন জি ও/স্বেচ্ছাসেবী সংস্থাসমূহঃ

উল্লাপাড়া উপজেলায় ২৭ টি এনজিও আছে। এই এনজিও গুলো ক্ষুদ্র ঋণ, শিক্ষা, স্বাস্থ্য ও দুর্যোগ বিষয়ে কাজ করে। এ ছাড়া উক্ত এনজিও গুলি দুর্যোগ ও জলবায়ু পরিবর্তন বিষয়ে কাজ করে । নিম্নে এনজিওগুলোর কাজ ছকের মাধ্যমে দেখানো হলোঃ

ছক-১১: এনজিও দের কাজের ধরণ এবং প্রকল্পের মেয়াদকাল

ক্রমিক নং	এনজিও	কি বিষয়ে তারা কাজ	উপকার ভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল
১.	অডিটর	• কুটসিকিউরিটি • জলবায়ু (নিচ)	• ৯৬০ জন	• ২০১৬ • ২০১৮
২.	আশা	• ক্ষুদ্র ঋণ প্রকল্প • শিক্ষা কার্যক্রম	• ১৫০০০ জন	• চলমান • চলমান
৩.	নারী ও শিশু কল্যাণ সংস্থা	• গৃহায়ন প্রকল্প • আনন্দ স্কুল	• ১৭২০জন	• ২০১৬ • চলমান
৪.	ডেমোক্রেসী ওয়াচ	• সকল নিবাচিত নারী প্রতিনিধি অপরাজিতা নারীর ক্ষমতায়ন	• জন	• ২০১৫ সাল থেকে কাযক্রম শুরু হয়
৫.	মুসলিম এইড	• ক্ষুদ্র ঋণ প্রকল্প	• ১২৬৬ জন	• চলমান
৬.	গ্রামীণ ব্যাংক	• ক্ষুদ্র ঋণ প্রকল্প • শিক্ষা প্রকল্প ও বিনা সুধে • ঋণ কর্মসূচী • সংগ্রামী সদস্য ঋণ প্রকল্প	• ৪৮২০৩ জন	• চলমান
৭.	ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি	• ক্ষুদ্র ঋণ কর্মসূচী • বৃক্ষরোপন কাযক্রম • শাক/সবজি চাষ • গবাদী পশু পালন ও টিকা প্রদান • স্বাস্থ্যসম্মত পায়খানা স্থাপন • স্বাস্থ্যসম্মত নলকূপ স্থাপন	• ২৩৮৯ জন	• ১৯৯১ সাল থেকে শুরু
৮.	উন্নয়ন সংঘ	• গভবতী মা ও নব জাতকের স্বাস্থ্যসেবা প্রকল্প	• ৩০৫৬জন	• ২০১৫ সাল
৯.	টি এম এস এস	• ক্ষুদ্র ঋণ কর্মসূচী	• ২১১৪ জন	• ২০০১ সাল থেকে শুরু
১০.	গণকল্যাণ সংস্থা (গাক)	• ক্ষুদ্রঋণ প্রকল্প	• ১৬০০ জন	• ২০১০ শুরু চলমান
১১.	সুখের সন্ধান	• বৃক্ষরোপন ও স্যানিটেশন কর্মসূচি • ছাগল পালন ও সবজি চাষ • শিক্ষা প্রকল্প (ব্র্যাক এর সহায়তায়) • রস্ক (আনন্দ স্কুল) • চাইল্ড লেবার	• ২৫০০ জন	• চলমান • চলমান • চলমান • ২০১১-১২ সাল • ২০১২-১৪ সাল

ক্রমিক নং	এনজিও	কি বিষয়ে তারা কাজ	উপকার ভোগীর সংখ্যা	প্রকল্প গুলোর মেয়াদকাল
১২.	পিপিডি (প্রোগ্রাম হর পিপলস ডেভেলপমেন্ট	• ক্ষুদ্রঋণ প্রকল্প	• ১৪৮০ জন	• ২০০১ সাল থেকে শুরু
১৩.	গ্রামীণ মৎস্য ও পশু সম্পদ ফাউন্ডেশন	• ক্ষুদ্রঋণ প্রকল্প (পশুর উপর)	• ৩৩০ জন	• চলমান
১৪.	বুরো বাংলাদেশ	• ক্ষুদ্রঋণ প্রকল্প • মানি ট্রান্সফর বিভিন্ন দেশ হতে • শিক্ষা প্রকল্প	• ৩২০০ জন	• চলমান • চলমান • চলমান
১৫.	বিজিইএফ ব্রাইট গ্রীন এনাজি ফাউন্ডেশন	• সৌরবিদ্যুৎ • বায়োগ্যাস • উন্নত চুলা	• ২৫৩ জন	• চলমান
১৬.	গ্রাম উন্নয়ন কম (গাক)	• ক্ষুদ্র ঋণ প্রকল্প	• ১৬০০ জন	• ২০০৭ সাল থেকে শুরু
১৭.	ডরপ	• ক্ষুদ্র ঋণ প্রকল্প	• ৬৫০ জন	• চলমান
১৮.	রুরাল সাবিস ফাউন্ডেশন	• সৌরবিদ্যুৎ প্রকল্প	• ৭৭৯৭ জন	• চলমান
১৯.	আভা ডেভেলপমেন্ট সোস্যায়টি	• সৌরবিদ্যুৎ প্রকল্প	• ৫৮০ জন	• চলমান
২০.	সৌহাদ্য ২ প্রোগাম (কেয়ার বাংলাদেশ)	• দুর্যোগ প্রকল্প	• ৪৬৯ জন	• ২০১৫ সাল
২১.	ইএস ডিও	• ক্ষুদ্র ঋণ প্রকল্প	• ৬৯০ জন	• ২০১৯সাল
২২.	একতা মানব উন্নয়ন সংস্থা	• ক্ষুদ্র ঋণ প্রকল্প • গরীব দুখিদের বিবাহে সহযোগীতা	• ৬০ জন	• চলমান
২৩.	গ্রামীন শক্তি	• সৌরবিদ্যুৎ • বায়োগ্যাস • উন্নত চুলা	• ২০০০ জন	• চলমান
২৪.	মৎস্য সেবা দানকারী প্রতিষ্ঠান	• মাছের পোনা উৎপাদন • গরুর খাবার • কৃষি ব্যবস্থাপনা	• ৩২৫ জন	• চলমান
২৫.	মানবমুক্তি (কেয়ার বাংলাদেশ)	• কৃষি ও জীবিকায়ন • স্বাস্থ্য ও পুষ্টি • নারীর ক্ষমতায়ন • দুযোগ ব্যবস্থাপনা • সুশাসন ও ক্ষমতায়ন	• ৩৯১০ জন	• ২০০৫ সাল থেকে শুরু • ২০১৫ সাল • ২০১৫ সাল • ২০১৫ সাল • ২০১৫ সাল
২৬.	ইউডিপি এস	• ক্ষুদ্র ঋণ প্রকল্প	• ৮০০জন	• ১৯৮৬ সাল থেকে শুরু চলমান
২৭.	উজ্জিবিত/ RERMP-২	• এস এস এস • ক.স্বাস্থ্য বা হাসপাতাল • মৎস্য সম্প্রসারণ	• ১০, ৫১১ জন • ৪০০জন	• ১৯৮৯ সাল শুরু • ১৯৯৪ সাল চলমান • ১৯৯৪ সাল চলমান
২৮.	তিলোকতমা সূর্য্যের হাসি	• পরিবার পরিকল্পনা • সাধারন স্বাস্থ্য • গর্ভবতী মায়ের স্বাস্থ্য	• ৩৮৬৬ জন	• ২০০৫ সাল থেকে শুরু • চলমান • চলমান

তথ্য সুত্রঃ এনজিও কার্যালয় ও সরজমিনে পরিদর্শন ।

• খেলার মাঠ

উল্লাপাড়া উপজেলায় মোট ১৫১টি খেলার মাঠ রয়েছে। ১৫১ টি খেলার মাঠের মধ্যে উল্লাপাড়া পৌরসভায় ১০টি, উল্লাপাড়া সদর ইউনিয়নে ০৭টি, বড়হর ইউনিয়নে ০৭টি, সলঙ্গা ইউনিয়নে ১৬টি, সলপ ইউনিয়নে ১১টি, বাঙ্গালা ইউনিয়নে ০৮ টি, হাটিকুমরুল ইউনিয়নে ১৬ টি, রামকৃষ্ণপুর ইউনিয়নে ১৮টি, পঞ্চক্রোশী ইউনিয়নে ১৫টি, কয়ড়া ইউনিয়নে ০৪টি, পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ১০টি, দূর্গানগর ইউনিয়নে ০৪টি, মোহনপুর ইউনিয়নে ০৯টি, বড়পাঙ্গাসী ইউনিয়নের ১০টি এবং উধুনিয়া ইউনিয়নের ০৬টি খেলার মাঠ রয়েছে । এ মাঠ গুলো বেশীর ভাগেই নিচু এবং বন্যার মাঠ গুলো অর্ধ নির্মজ্জিত থাকে । যার ফলে দুর্যোগের সময় উক্ত মাঠগুলো আশ্রয় কেন্দ্র হিসাবে ব্যবহার করা যায় না তবে ত্রাণ কার্যক্রম পরিচালনা, অস্থায়ী ক্যাম্প স্থাপন, দুর্যোগ বিষয়ক প্রশিক্ষণ, মহড়ার আয়োজন ইত্যাদি কাজে ব্যবহৃত হয়।
সংযুক্তিঃ ,এ ইউনিয়ন ভিত্তিক খেলার মাঠ কোথায় অবস্থিত ১৩ দুর্যোগের সময় কাজে লাগবে কিনা বা কিভাবে কাজে লাগাবে তা তুলে ধরা হলোঃ

তথ্য সুত্রঃ জনপ্রতিনিধি, দলীয় আলোচনা ও সরজমিনে পরিদর্শন।

➢ কবরস্থান ও শ্মশান ঘাটঃ

• কবরস্থানঃ

উল্লাপাড়া উপজেলায় সরকারী, পারিবারিক ও সামাজিকভাবে ২৭৪টি কবরস্থান রয়েছে। এই উপজেলার কবরস্থান গুলো নিচু এবং বন্যার সময় পানিতে তলিয়ে যায়। উপজেলার মোট ২৭৪ টি কবরস্থানের মধ্যে উল্লাপাড়া পৌরসভায় ১৫টি ,উল্লাপাড়া সদর ইউনিয়নে ১৩টি ,বড়হর ইউনিয়নে ২৭টি ,সলঙ্গা ইউনিয়নে ২০টি ,সলপ ইউনিয়নে ১৬টি ,বাঙ্গালা ইউনিয়নে ১৭ টি , হাটিকুমরুল ইউনিয়নে ২৬ টি ,রামকৃষ্ণপুর ইউনিয়নে ২৭টি ,পঞ্চক্রোশী ইউনিয়নে ২০টি ,কয়ড়া ইউনিয়নে ৬টি ,পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ২০টি ,দূর্গানগর ইউনিয়নে ১৫টি ,মোহনপুর ইউনিয়নে ১৭টি ,বড়পাঙ্গাসী ইউনিয়নের ২০টি এবং উধুনিয়া ইউনিয়নের ১৫টি কবরস্থান রয়েছে।

• শ্মশান ঘাটঃ

উল্লাপাড়া উপজেলায় ৪৩ টি সরকারী শ্মশানঘাট রয়েছে। এই উপজেলার বেশির ভাগ শ্মশানঘাট গুলো নিচু এবং বন্যার সময় পানিতে তলিয়ে যায়। উপজেলার মোট ৪৩ টি শ্মশানঘাটের মধ্যে উল্লাপাড়া পৌরসভায় ২টি, উল্লাপাড়া সদর ইউনিয়নে ৪টি, বড়হর ইউনিয়নে ৩টি, সলঙ্গা ইউনিয়নে ৩টি, সলপ ইউনিয়নে ৪টি, বাঙ্গালা ইউনিয়নে ১ টি, হাটিকুমরুল ইউনিয়নে ৮ টি, রামকৃষ্ণপুর ইউনিয়নে ৪টি, পঞ্চক্রোশী ইউনিয়নে ২টি, কয়ড়া ইউনিয়নে ২টি, পূর্ণিমাগাঁতী ইউনিয়নে ১টি, দূর্গানগর ইউনিয়নে ৪টি, মোহনপুর ইউনিয়নে ৩টি, বড়পাঙ্গাসী ইউনিয়নের ১টি এবং উধুনিয়া ইউনিয়নের ১টি শ্মশানঘাট রয়েছে।
সংযুক্তি : ১৪ এ উল্লাপাড়া উপজেলার ১৫টি ইউনিয়ন ও পৌরসভার কবরস্থান এ শ্মশানঘাটের নাম সহ বর্তমান অবস্থান এবং অবস্থার বর্ণনা করা হলো।

তথ্য সুত্রঃ সরজমিনে পরিদর্শন, দলীয় আলোচনা ।

• যোগাযোগ ও পরিবহনের মাধ্যমঃ

উল্লাপাড়া উপজেলায় বিভিন্ন মাধ্যমে খোঁজ খবর ও তথ্য সংগ্রহ করে দেখা গেছে অত্র উপজেলাতে প্রায় সব ধরনের যানবাহন ও যোগাযোগের মাধ্যমে রয়েছে। রেলপথ উল্লাপাড়া উপজেলার জন্য উল্লেখযোগ্য একটি যোগাযোগের মাধ্যম। উল্লাপাড়া রেল স্টেশন থেকে রেল পথে ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন প্রান্তে যাতায়াত করা যায় এছাড়াও মোহনপুর ও সলপ রেল স্টেশন রয়েছে। উল্লাপাড়া উপজেলা থেকে সার্বক্ষনিকভাবে জেলা সদরের সাথে বাস সিএনজি যোগে যাতায়াত করা যায়। আবার বেশ কয়েকটি নদী থাকার কারণে বহু সংখ্যক জনগণ বন্যার সময় নৌকা যোগে যাতায়াত করে। স্থানিয়ভাবে মালামাল ও গবাদী পশু পরিবহনের জন্য নছিমন গাড়ি উল্লেখযোগ্যহারে ব্যবহৃত হয়ে থাকে যদিও পরিবহনটি অতিব ঝুকিপূর্ণ। নিম্নে ছকের মাধ্যমে যোগাযোগের মাধ্যম ও সংখ্যা উল্লেখ করা হলো।

ছক-১২: উপজেলার যানবাহনের ধরণ এবং সংখ্যা

ক্রঃনং	ইউনিয়নের নাম	যোগাযোগের মাধ্যম	ইউনিয়নে কি ধরণের যানবাহন কতগুলি আছে										
			বাস	ট্রাক	মাইক্রো	কার	সিএনিজি /টেম্পু	অটো	নৌকা	রিক্সা	ভ্যান	নছিমন	অন্যান্য
১.	রামকৃষ্ণপুর	সড়ক পথ ও নৌ পথ	২	১০	৫	-	১০০/২৫	-	১৫	২০	১৫০	১৫০	১৫
২.	বাঙ্গালা	সড়ক পথ ও নৌ পথ	০০	১০	-	-	৫০/ ৩০	১০	১০০	৫	২০০	৪০০	২০
৩.	উধুনিয়া	সড়ক পথ ও নৌ পথ	-	-	-	-	৫/৫	-	২২০	-	১৮০	৬০	৮০
৪.	বড় পাঙ্গাশী	সড়ক	-	১০	৩	২	১০/২০	৫	২০০	৫	২০০	১৫০	৫০
৫.	মোহনপুর	সড়ক পথ, নৌ পথ ও রেলপথ	-	৪	১	২	২০/১০	১০	১২০	-	১০০	২৫	৩৫
৬.	দূর্গানগর	সড়ক পথ ও নৌ পথ	২০	৫	১৫	৩	৭০/৩০	২০	২০	৫০	৪৫০	২০০	৫০
৭.	পূর্ণিমাগাঁতি	সড়ক পথ ও নৌ পথ	১	৪	১	-	৭০/২৫	১৫	৬০	১০	২২০	১৮০	৪০
৮.	সলংগা	সড়ক পথ ও নৌ পথ	-	২০	১	-	৬০/৯০	-	২০	-	২০০	২০০	৫০
৯.	হাটিকুমরূল	সড়ক পথ ও নৌ পথ	৩	৩০	১০	৫	৬০/৯০	২	২৫	৫	২০০	১০০	২৫
১০.	বড়হর	সড়ক পথ ও নৌ পথ	৩	২০	১২	-	১৫০/১০০	১২০	৫০	১৫	১২০	২০০	২১
১১.	উল্লাপাড়া	সড়ক পথ ওনৌ পথ	২	৫	৩	১	৩৫/২০	১০	৩০	২০	৭০	৫০	২৫
১২.	পঞ্চক্রোশী	সড়ক পথ, নৌ	১	২	-	-	৪৫/৩৫	৫	৮০	১৫	১৭০	১২০	৩৬

ক্রঃনং	ইউনিয়নের নাম	যোগাযোগের মাধ্যম	ইউনিয়নে কি ধরণের যানবাহন কতগুলি আছে										
			বাস	ট্রাক	মাইক্রো	কার	সিএনজি /টেম্পু	অটো	নৌকা	রিক্সা	ভ্যান	নছিমন	অন্যান্য
		পথ ও রেলপথ											
১৩.	সলপ	সড়ক পথ, নৌ পথ ও রেলপথ	-	৫	-	-	৫০/২০	১০	৫০	১০	১৮০	১২০	৩৫
১৪.	কয়ড়া	সড়ক পথ ওনৌ পথ	-	৫	১	-	৫০/১৫	১৫	৫০	২০	২০৫	১২০	২৫
১৫.	উল্লাপাড়া পৌরসভা	সড়ক পথ, নৌ পথ ও রেলপথ	১৩	২০০	২০	৫	১০০/৫০	৫০	১০	১৬০	৩০০	১৫০	১৫
মোট=			৪৫	১৫০	৭২	১৮	৮৬৫/৫২৫	২৭২	১০৫০	৩৩৫	২৯৪৫	২২২৫	৫২২

তথ্য সুত্রঃ মোঃ আব্দুল হাই, চেন মাষ্টার,০১৭৫১-৮৫২২৮৭ পুরাতন বাসস্ট্যাড, উল্লাপাড়া ও সকল পরিবহন সমিতির কার্যালয় এবং দলীয় আলোচনা

- **বন ও বনায়নঃ**

বর্তমানে মানবসৃষ্ট কারন ও প্রাকৃতিক বিরুপ প্রতিক্রিয়ায় বনাঞ্চল ধ্বংস হচ্ছে । উল্লাপাড়া উপজেলায় উল্লেখ্যযোগ্য তেমন কোন বনাঞ্চল নাই। তবে এলাকায় পাকা-কাঁচা রাস্তা, বাঁধ, বসতবাড়ীর চারপাশ এবং রেললাইনের দু'পাশ দিয়ে কিছু সামাজিক বনায়ন পরিলক্ষিত হয় । উল্লাপাড়া উপজেলাতে মোট ২৫-৩৫ প্রকারের গাছ রয়েছে তার মধ্যে ইউকালেক্টরী, শিশু, বাবলা, মেহগনী, আকাশমনী, আম, জাম, কাঁঠাল, লিচু, নারকেল, নিম, মেহগনী অন্যতম, বিভিন্ন ধরনের গাছ সরকারী উদ্যেগে লাগানো হয়েছে। উল্লাপাড়া উপজেলাতে এলাকায় সরকারী-বেসরকারী ও ব্যাক্তি উদ্যোগে বন বিভাগ প্রায় ৮০ কিলোমিটার বনায়ন করা হয়েছে।

ছক-১৩: বনাঞ্চল আছে কিনা, আয়তন, কি কি গাছ এবং উদ্যোক্তাদের তথ্য

ক্রঃ নং	উপজেলার নাম	কোন বনাঞ্চল আছে কি না	কত একর এলাকা জুড়ে বনাঞ্চল আছে	কি কি গাছ আছে	সরকারী/এনজিও বা ব্যক্তির উদ্যোগে বনায়ন করা হয়েছে কি না (হ্যাঁ হলে নাম লিখুন)
১.	**উল্লাপাড়া**	আছে	প্রায় ৮০ কি.মি.	ইউক্যালিপটাস, শিশু, বাবলা, মেহগনী, আকাশমনী কাঁঠাল ইত্যাদি ছাড়াও আম, জাম, কাঁঠাল গাছ	বন বিভাগের তথ্যমতে উক্ত এলাকায় সরকারী –বেসরকারী ও ব্যাক্তি উদ্যোগে বেশ কিছু রাস্তার দু'পাশে বনায়ন করা হয়েছে।

তথ্য সুত্রঃ ফরেষ্ট অফিসার মন্জুরুল ইমলাম ০১৭৪৫-৫৪৮১৪২।

১.৪.৩আবহাওয়া ও জলবায়ু

- **বৃষ্টিপাতের ধারা**

এই এলাকায় বৃষ্টিপাতের ধারা বিশ্লেষণ করে দেখা গেছে যে, গড় দৈনিক বৃষ্টিপাতের পরিমাণ প্রায় একই রকম। এই অঞ্চলের বার্ষিক বৃষ্টিপাতের পরিমাণ ১৭১০ মি.মি. । ১৯৭১,১৯৮১,১৯৯১,২০০১ এবং ২০০৭ সালের পর দৈনিক গড় বৃষ্টিপাত যথাক্রমে ১, ৬, ৫, ৫ এবং ৬ মি.মি-এর অধিক। কিন্তু এ পরিবর্তনের ধারা জলবায়ু পরিবর্তনের ইঙ্গিত বহন করে কিনা সে বিষয়ে আরও গবেষণার প্রয়োজন রয়েছে। বৃষ্টিপাতের ধারা পরিবর্তন হওয়ায় মৌসুমী বৃষ্টিপাতের সময় পিছিয়ে যাচ্ছে, ফলে কৃষি ব্যবস্থার কিছুটা পরিবর্তন হয়েছে, উৎপাদন ব্যয় বেশি কিন্তু উৎপাদন কম হচ্ছে। সেই সাথে ফসলে রোগবালাই ও পোকার আক্রমণ বেশি হচ্ছে। অসময়য়ে বৃষ্টিপাত বেশি লক্ষ্য করা যাচ্ছে। আশ্বিন-অগ্রহায়ন পর্যন্ত প্রচুর বৃষ্টি হয় যার ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়। তাছাড়া শীতমৌসুমেও প্রচুর বৃষ্টিপাত হয় যার ফলে ফসলের চাষাবাদ ব্যাহত হয় এবং মানুষের জীবন-জীবিকার উপর বিরাট নেতিবাচক প্রভব পড়ে।

ছক-১৪: মোট বৃষ্টিপাতের পরিমান এবং কোন মৌসুমে কেমন বৃষ্টি পাত হয়

মোট বৃষ্টিপাতের পরিমান	কোন মৌসুমে কেমন বৃষ্টি পাত হয়												কোন পরিবতন লক্ষ্য করা যাচ্ছে কিনা
	বৈশাখ	জৈষ্ঠ্য	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্ত্তিক	অগ্রহায়ন	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র	
১০১৩মি.মি.	১৬১ মি.মি.	১২৬ মি.মি.	১৪৬ মি.মি.	২৫৩ মি.মি.	১০৪ মি.মি.	২১৯ মি.মি.	-	০৪ মি.মি.					২০১১-১৫২৩মি.মি. ২০১২-১২৪৮মি.মি. ২০১৩-১০৬২মি.মি. সুতারাং পরিবতন লক্ষ্য করা যাচ্ছে।

তথ্য সুত্রঃ বিবিএস

• তাপমাত্রাঃ

